**মোঃ মমিনুল ইসলাম, পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর-এর জীবনবৃত্তান্ত**

জনাব মোঃ মমিনুল ইসলাম বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের (বিএমডি) পরিচালক (চলতি দায়িত্ব) হিসেবে ২১ নভেম্বর ২০২৪ তারিখে যোগদান করেন। তিনি দীর্ঘদিন ধরে এ অধিদপ্তরের বিভিন্ন বিভাগে দায়িত্ব পালন করেন।

জনাব ইসলাম ১৯৬৮ সালের ৩১ অক্টোবর ব্রাহ্মণবাড়িয়া জেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যানে দ্বিতীয় শ্রেণীতে প্রথম স্থান সহ বিএসসি (সম্মান) এবং ফলিত পরিসংখ্যানে প্রথম শ্রেণিতে প্রথম স্থান সহ এমএসসি ডিগ্রি অর্জন করেন। তিনি জাপানের আইআইএসইই থেকে সিসমোলজি অ্যান্ড আর্থকোয়েক ইঞ্জিনিয়ারিং-এর উপর পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ডিগ্রি লাভ করেন।

তিনি বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (বিপিএসসি)-এর প্রতিযোগিতামূলক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ১৯৯৬ সালে বিএমডিতে যোগদান করেন। পরিচালক (চলতি দায়িত্ব) নিয়োগের পূর্বে, তিনি আবহাওয়াবিদ হিসেবে অধিদপ্তরের বিভিন্ন মহাশাখায় দায়িত্ব পালন করেন। তিনি উপপরিচালক (চলতি দায়িত্ব) হিসেবে আবহাওয়া প্রশাসনিক মহাশাখা ও জলবায়ু মহাশাখার গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন।

জনাব ইসলামের ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, মনসুন সিষ্টেম, মিডিয়াম রেঞ্জ, লং রেঞ্জ সম্পর্কিত আবহাওয়া পূর্বাভাস বিষয়ে আটাশ বছরের অধিক অভিজ্ঞতা রয়েছে। এছাড়াও, ভূ-কম্পনবিদ্যা, সমুদ্র বিজ্ঞান এবং প্রকল্প পরিকল্পনা, উন্নয়ন ও ব্যবস্থাপনা বিষয়ে গবেষণা রয়েছে। তিনি উইন্ডোজ এবং লিনাক্স অপারেটিং সিস্টেম, ইউনিক্স প্রোগ্রাম এবং ক্লাইমেট প্রেডিক্টিবিলিটি টুলস-এ দক্ষতা অর্জন করেন।

তিনি ০৬ আগষ্ট ২০১৬ হতে ১১ এপ্রিল ২০২১ পর্যন্ত বিশ্বব্যাংকের অর্থায়নে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের "বাংলাদেশ ওয়েদার অ্যান্ড ক্লাইমেট সার্ভিসেস রিজিওনাল প্রজেক্ট (বিডব্লিউসিএসআরপি কম্পোনেন্ট-এ)"-এর উপ-প্রকল্প পরিচালক (ডিপিডি) হিসেবে অতিরিক্ত দায়িত্বও পালন করেন।

জনাব ইসলাম বহু আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশ সরকারের প্রতিনিধিত্ব করেছেন। তিনি দেশ-বিদেশে বিভিন্ন সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ ও ট্রেনিং প্রোগ্রামে অংশ গ্রহণ করেন। তিনি সরকারিভাবে জাপান, চীন, ভারত, শ্রীলংকা, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, অস্ট্রিয়া, সুইজারল্যান্ড, ইটালী, যুক্তরাজ্যসহ বিশ্বের বিভিন্ন দেশ সফর করেন।